

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইশার সালাতে মহিলাদের মসজিদে আসতে বারণ করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْنُ الزَّجْرِ عَنْ مَنْعِ الْمَرْءِ امْرَأْتَهُ عَنْ شُهُودِ الْعِشَاءِ الْآخِرَةِ فِي الْمَسَاجِدِ

আরবী

2210 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ عَنِ ابْنِ نُمَيْرٍ قَالَ: سَمِعْتُ الزُّهْرِيَّ قَالَ: أَخْبَرَنِي حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ أَنَّ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ أَبَاهُ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا اسْتَأْذَنَتْ أَحَدَكُمُ امْرَأَتُهُ إِلَى الْمَسْجِدِ فَلَا يَمْنَعْهَا)

عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا اسْتَأْذَنَتُ أَحَدَكُمُ امْرَأَتُهُ إِلَى الْمَسْجِدِ فَلَا يَمْنَعْهَا)

قَالَ بلال بن عبد الله بن عمر قال: وَاللَّهِ لَنَمْنَعُهُنَّ قَالَ: فَسَبَّهُ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ أَسُوأً مَا سَمِعْتُه سَبَّهُ قَطُّ وَقَالَ: سَمِعْتَنِي قُلْتُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا السَّتَأُذَنَتْ أَحَدَكُمُ امْرَأَتُهُ إِلَى المسجد فلا يمنعها) قلت: والله لنمنعهن؟! السَّتَأُذَنَتْ أَحَدَكُمُ امْرَأَتُهُ إِلَى المسجد فلا يمنعها) قلت: والله لنمنعهن؟! الراوي: ابْن عُمرَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2210 اخلاصة حكم المحدث: صحيح

বাংলা

২২১০. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন তোমাদের কারো কাছে তার স্ত্রী মাসজিদে আসার অনুমতি চাইবে, তখন সে যেন তাকে বাধা না দেয়।"

তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাভ্ আনভ্মার ছেলে বিলাল রহিমাভ্ল্লাহ বলেন, "আল্লাহর কসম, অবশ্যই আমরা বাধা দিবা!" একথা শুনে আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা খুব মন্দ ভাষায় গালি দেন, এরকম আগে কখনো গালি দিতে দেখিনি। তিনি বলেন, "তুমি আমাকে বলতে শুনেছো যে, আমি বলেছি, "রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যখন তোমাদের কারো কাছে তার স্ত্রী মাসজিদে আসার অনুমতি চাইবে, তখন সে যেন তাকে বাধা না দেয়।" আর তুমি বলছো, "আল্লাহর কসম, অবশ্যই আমরা বাধা দিবা!!"[1]



ফুটনোট

[1] আবৃ দাউদ: ৫৬৮; আবৃ আওয়ানা: ২/৫৮; তিরমিযী: ৫৭০; সহীহ মুসলিম: ৪৪২; তাবারানী আল কাবীর: ১৩৪৭১; মুসনাদ আহমাদ: ২/১৪৫; আত তায়ালিসী: ১৮৯৪; সুনান বাইহাকী: ৩/১৩২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৫১০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২২১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন